অতিজরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা
বাংলাদেশ সচিবালয়,ঢাকা

নং ১২.০০.০০০০.০৩০.৪০.০৫৪.১৩-২৬৩

তারিখ ঃ ২৪/০৬/১৪২৪ বঙ্গাব্দ
০৯/১০/২০১৭ খ্রিষ্টাব্দ

**বিষয় :** ২০১৬-১৭ মৌসুমে আকস্মিক বন্যা, অতিবৃষ্টি ও পাহাড়ী ঢলে হাওরভুক্ত সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ, মৌলভীবাজার, নেত্রকোনা ও কিশোরগঞ্জ জেলায় ক্ষতিগ্রস্ত বোরো চাষীদের ক্ষতি পুষিয়ে নেওয়ার লক্ষ্যে রবি/২০১৭-১৮ মৌসুমে বোরো ধান চাষের জন্য বিনামূল্যে বোরো ধানের বীজ ও সার (ডিএপি ও এমওপি) এবং নগদ সহায়তা বাবদ ১১৭০০.০০ লক্ষ (এক শত সতেরো কোটি) টাকার বিশেষ কৃষি পুনর্বাসন কার্যক্রমের অর্থছাড় মঞ্জুরি।

**সূত্রঃ কৃষি মন্ত্রণালয়ের উপকরণ-২ শাখার স্বারক নং** ১২.০০.০০০০.০২৬.৩৮.০২৭.১৭-১৬৮ **তাং ০৩.১০.১৭ ইং।**

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকে বর্ণিত জেলা সমূহের বিপরীতে নির্ধারিত পরিমান সার বিশেষ কৃষি পুনর্বাসন কাযক্রমে সরবরাহের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি ঃ সূত্রোক্ত পত্র।

০৯/১০/১৭

(শেখ বদিউল আলম )
উপ-প্রধান
ফোনঃ ৯৫৪০৬০৬

বিতরন ঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে

১ । চেয়ারম্যান,বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন( বিএডিসি), কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা,ঢাকা।
২ । মহাপরিচালক,কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ফার্মগেট, খামারবাড়ী, ঢাকা।
৩ । জেলা প্রশাসক/সভাপতি জেলা কৃষি পুনর্বাসন কমিটি, ------------------------------ (সংশ্লিষ্ট সকল )
৪ । উপ-পরিচালক,কৃষি সম্প্রসারণ অধিদপ্তর --------------------------------------- (সংশ্লিষ্ট সকল )

অনুলিপি ঃ

ঃ যুগ্ম-সচিব, উপকরণ অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
ঃ উপ-সচিব,প্রশাসন-৪ বাজেট অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
ঃ মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
ঃ সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
www.moa.gov.bd

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০২৭.১৭.১৬৮

তারিখ : ১৮আশ্বিন ১৪২৪ব.
০৩ অক্টোবর ২০১৭ খ্রি.

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

**বিষয় :** ২০১৬-১৭ মৌসুমে আকস্মিক বন্যা, অতিবৃষ্টি ও পাহাড়ী ঢলে হাওরভুক্ত সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ, মৌলভীবাজার, নেত্রকোনা ও কিশোরগঞ্জ জেলায় ক্ষতিগ্রস্ত বোরো চাষীদের ক্ষতি পুষিয়ে নেওয়ার লক্ষ্যে রবি/২০১৭-১৮ মৌসুমে বোরো ধান চাষের জন্য বিনামূল্যে বোরো ধানের বীজ ও সার (ডিএপি ও এমওপি) এবং নগদ সহায়তা বাবদ ১১৭০০.০০ লক্ষ (এক শত সতেরো কোটি) টাকার বিশেষ কৃষি পুনর্বাসন কার্যক্রমের অর্থ ছাড় মঞ্জুরি।

মহোদয়,

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে জানাচ্ছি যে, কৃষি মন্ত্রণালয়ের অনুকূলে অনুন্নয়ন বাজেটে ৩-৪৩০১-০০১০-৫৮৪৩-সার ও অন্যান্য কৃষি কার্যক্রম খাতে বরাদ্দকৃত ৯,০০,০০০.০০ লক্ষ (নয় হাজার কোটি) টাকা হতে ২০১৬-১৭ মৌসুমে আকস্মিক বন্যা, অতিবৃষ্টি ও পাহাড়ী ঢলে হাওরভুক্ত ৬টি জেলার (সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ, মৌলভীবাজার, নেত্রকোনা, কিশোরগঞ্জ) ক্ষতিগ্রস্ত বোরো চাষীদের ক্ষতি পুষিয়ে নেওয়ার লক্ষ্যে রবি/২০১৭-১৮ মৌসুমে বোরো ধান চাষের জন্য বিনামূল্যে বীজ ও সার (ডিএপি ও এমওপি) এবং নগদ সহায়তা বাবদ ১১৭০০.০০ লক্ষ (একশত সতেরো কোটি) টাকা বিভাজন অনুযায়ী জেলা প্রশাসক ও কৃষি **পুনর্বাসন** বাস্তবায়ন কমিটির সভাপতির অনুকূলে নিম্নরূপ শর্তাবলীর আলোকে ব্যয় করার জন্য এতদ্বারা ছাড় ও অগ্রিম উত্তোলনের সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি। সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও জেলা কৃষি **পুনর্বাসন** বাস্তবায়ন কমিটির সভাপতি এ অর্থ ব্যয়ে পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়ন নীতিমালা/পদ্ধতি, যাবতীয় আর্থিক বিধি-বিধান এবং নিম্নবর্ণিত শর্তাবলী যথাযথভাবে অনুসরণ করবেন।

০২। হাওরভুক্ত ৬ জেলায় (সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ, মৌলভীবাজার, নেত্রকোনা, কিশোরগঞ্জ) ক্ষতিগ্রস্ত ৬০০০০০ (ছয় লক্ষ) জন কৃষকের মধ্যে প্রতি কৃষক পরিবারকে এক বিঘা জমিতে বোরো ধান চাষের জন্য ৫ কেজি বোরো ধানের বীজ, ২০ (বিশ) কেজি ডিএপি ও ১০ (দশ) কেজি এমওপি সার ও নগদ ১০০০ (এক হাজার) টাকা সহায়তা প্রদান করা হবে যার ব্যয় বিভাজন নিম্নরূপ:

| ক্র: নং | জেলার নাম | কর্মসূচির লক্ষ্যমাত্রা (জন/বিঘা) | বীজ (লক্ষ টাকা) | ডিএপি (লক্ষ টাকা) | এমওপি (লক্ষ টাকা) | মোট (লক্ষ টাকা) | পরিবহণ ব্যয় (লক্ষ টাকা) | নগদ সহায়তা (লক্ষ টাকা) | মোট বরাদ্দ (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | সিলেট | ৪০,০০০ | ১০২.০০ | ১৮৪.০০ | ৫২.০০ | ৩৩৮.০০ | ৪২.০০ | ৪০০.০০ | ৭৮০.০০ |
| ২ | সুনামগঞ্জ | ৩,০০,০০০ | ৭৬৫.০০ | ১৩৮০.০০ | ৩৯০.০০ | ২৫৩৫.০০ | ৩১৫.০০ | ৩০০০.০০ | ৫৮৫০.০০ |
| ৩ | হবিগঞ্জ | ৪০,০০০ | ১০২.০০ | ১৮৪.০০ | ৫২.০০ | ৩৩৮.০০ | ৪২.০০ | ৪০০.০০ | ৭৮০.০০ |
| ৪ | মৌলভীবাজার | ২৫,০০০ | ৬৩.৭৫ | ১১৫.০০ | ৩২.৫০ | ২১১.২৫ | ২৬.২৫ | ২৫০.০০ | ৪৮৭.৫০ |
| ৫ | নেত্রকোনা | ৭০,০০০ | ১৭৮.৫০ | ৩২২.০০ | ৯১.০০ | ৫৯১.৫০ | ৭৩.৫০ | ৭০০.০০ | ১৩৬৫.০০ |
| ৬ | কিশোরগঞ্জ | ১,২৫,০০০ | ৩১৮.৭৫ | ৫৭৫.০০ | ১৬২.৫০ | ১০৫৬.২৫ | ১৩১.২৫ | ১২৫০.০০ | ২৪৩৭.৫০ |
| জাতীয় মোট | | ৬,০০,০০০ | ১৫৩০.০০ | ২৭৬০.০০ | ৭৮০.০০ | ৫০৭০.০০ | ৬৩০.০০ | ৬০০০.০০ | ১১৭০০.০০ |

(ক) প্রতি কৃষক ১ বিঘা জমির জন্য ৫ কেজি বোরো ধানের বীজ পাবেন।
(খ) প্রতি বিঘা জমির জন্য প্রতি কৃষক ২০ কেজি ডিএপি ও ১০ কেজি এমওপি সার পাবেন।
(গ) প্রতি কৃষককে ১০০০ টাকা নগদ সহায়তা প্রদান করতে হবে।
(ঘ) প্রতি কেজি বোরো ধানের বীজের দাম ৫১/- টাকা, প্রতি কেজি ডিএপি ২৩/- টাকা এবং প্রতি কেজি এমওপি ১৩ টাকা।

চলমান পাতা/২ .........

শর্তাবলীঃ

(১) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPR 2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে ;

(২) এ কার্যক্রম বাস্তবায়নে চলমান উন্নয়ন প্রকল্প/কর্মসূচি/অন্যান্য কার্যক্রমের সাথে দ্বৈততা পরিহারের বিষয়টি নিশ্চিত করতে হবে;

(৩) অনুমোদিত নীতিমালার আলোকে এ পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়ন করতে হবে ;

(৪) ছাড়কৃত অর্থের অব্যয়িত অংশ ৩০ জুন ২০১৮ তারিখের মধ্যে অবশ্যই সরকারি কোষাগারে জমা/সমর্পণ করতে হবে এবং সংশ্লিষ্ট কোডে সমন্বয় করতে হবে;

(৫) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন ;

(৬) বরাদ্দকৃত অর্থ ২০১৭-১৮ অর্থ বছরের সংশোধিত বাজেটে যথাযথ কোডে সমন্বয় করতে হবে ;

(৭) অগ্রিম উত্তোলিত অর্থ ৩০ জনু ২০১৮ তারিখের মধ্যে অবশ্যই সমন্বয় করতে হবে ;

(৮) জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি সংশ্লিষ্ট উপজেলা থেকে প্রাপ্ত প্রয়োজনীয় কাগজপত্রের ভিত্তিতে অগ্রিম উত্তোলিত অর্থ ৩০ জুন/২০১৮ তারিখের মধ্যে অথবা সংযুক্ত নীতিমালা অনুযায়ী যথাসময়ে সমন্বয় করবেন এবং প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয় ও মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিকট অনুলিপি প্রেরণ করবেন। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর সংশ্লিষ্ট জেলা হতে সমন্বয়ের কপি সংগ্রহপূর্বক একত্রিত করে একটি প্রতিবেদন কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করবেন। এ বিষয়ে অডিট সংক্রান্ত যাবতীয় কার্যাবলী জেলা প্রশাসক ও সভাপতি জেলা কৃষি পুনর্ববাসন বাস্তবায়ন কমিটির কার্যালয় এবং উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি উপজেলা কৃষি পুর্নবাসন বাস্তবায়ন কমিটির কার্যালয়ে নিষ্পন্ন হবে ;

(৯) বোরো ধান উৎপাদন বৃদ্ধির লক্ষ্য বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার (ডিএপি ও এমওপি) সরবরাহ ও নগদ সহায়তা প্রদানের নিমিত্ত কৃষি পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়ন নীতিমালা/পদ্ধতিতে উল্লিখিত খাত ব্যতীত অন্য কোন খাতে এ অর্থ ব্যয় করা যাবে না এবং পরবর্তীতে এ অর্থ ব্যয়ের বিস্তারিত বিবরনী অর্থ বিভাগে প্রেরণের জন্য মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাধ্যমে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে ;

(১০) বরাদ্দ প্রাপ্তির পর জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি যথাসম্ভব দ্রুত বিগত বছরের বোরো ধান আবাদের জমি এবং বোরো ধান আবাদ সম্ভাবনার নিরিখে লক্ষ্যমাত্রা নির্ধারণ করে উপজেলাওয়ারী বিভাজন করবে এবং জেলা অফিসের জন্য আনুষঙ্গিক খাতের বরাদ্দকৃত অর্থ ছাড়া অবশিষ্ট সকল অর্থ উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে ছাড় করবেন।

(১১) নগদ সহায়তা কৃষকের ব্যাংক একাউন্টের মাধ্যমে বিতরণ করতে হবে; নগদ টাকা কোন অবস্থাতেই হাতে হাতে বিতরণ করা যাবে না।

(১২) সকল উপকরণ বিতরণ উপজেলা সদর থেকে করতে হবে। সকল উপকরণ কৃষক নিজে গ্রহণ করবেন, কোন অবস্থায়ই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে উপকরণ প্রদান করা যাবে না বা এক জনের উপকরণ অন্য জনকে প্রদান করা যাবে না।

(১৩) সংশ্লিষ্ট ব্লকের উপ-সহকারী কৃষি কর্মকর্তা, উপজেলা কৃষি পুনর্বাসন/প্রণোদনা বাস্তবায়ন কমিটি কর্তৃক মনোনীত উপজেলা পর্যায়ের একজন কর্মকর্তা এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সংশ্লিষ্ট মেম্বারের উপস্থিতিতে নির্বাচিত কৃষকের তালিকা উপজেলা কৃষি পুর্নবাসন বাস্তবায়ন কমিটির মাধ্যমে অনুমোদনের পর উপজেলা সদর থেকে সংশ্লিষ্ট কৃষকের ছবি সম্বলিত মাস্টার রোলের মাধ্যমে কৃষি পুনর্বাসন সহায়তা বাবদ প্রাপ্ত উপকরণ কৃষকদের মাঝে বিতরণ করবেন। মাস্টার রোলে উপরকণ গ্রহণকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। এছাড়া ইউপি চেয়ারম্যান/ সংশ্লিষ্ট মেম্বার, উপ-সহকারী কৃষি কর্মকর্তা ও উপজেলা কৃষি পুর্নবাসন/প্রণোদনা বাস্তবায়ন কমিটি কর্তৃক মনোনীত কর্মকর্তা এতে প্রতিস্বাক্ষর করবেন ;

(১৪) উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব উপজেলা কৃষি পুর্নবাসন/প্রণোদনা বাস্তবায়ন কমিটি কৃষি সহায়তা উপকরণ বিতরনের নিমিত্ত ব্লক/ ইউনিয়ন ভিত্তিক বিতরণ রেজিষ্টার, সংশ্লিষ্ট কৃষকের তালিকাসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষণ করবেন এবং কৃষকের তালিকার ১ কপি সংশ্লিষ্ট উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিকট প্রেরন করবেন। উপ-পরিচালক সংশ্লিষ্ট জেলার উপজেলা থেকে প্রাপ্ত কৃষকের তালিকার ১ কপি সংরক্ষণ করবেন এবং ১ কপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালকের নিকট প্রেরণ করবেন।

আপনার বিশ্বস্ত

০৮.১০.১৭

(কে এম আবদুল ওয়াদুদ)
উপসচিব
ফোন নং ৯৫৪০৯৬৪

চলমান পাতা/৩ ........

তারিখ : ১৮ আশ্বিন ১৪২৪ব. / ০৩ অক্টোবর ২০১৭ খ্রি.

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০২৭.১৭.১৬৮

আদেশের দুই কপি এসাথে প্রেরণ করা হলো। আদেশের এককপি পৃষ্ঠাংকনপূর্বক প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা বরাবরে প্রেরণ করার জন্য অর্থ বিভাগকে অনুরোধ করা হলো।

০৩.১০.১৭
(কে এম আবদুল ওয়াদুদ)
উপসচিব

নং তারিখঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য আদেশের অনুলিপি প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা এর নিকট প্রেরিত হলো। এতে অর্থ বিভাগের সম্মতি রয়েছে।

উপসচিব
বাজেট-২০ শাখা
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

তারিখ : ১৮ আশ্বিন ১৪২৪ব. / ০৩ অক্টোবর ২০১৭ খ্রি.

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০২৭.১৭.১৬৮

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ), কৃষি মন্ত্রণালয়, ঢাকা।
৬. মহাপরিচালক (বীজ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৮. মহাপরিচালক, কৃষি সম্প্রসাণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।
৯. যুগ্মসচিব (উপকরণ), কৃষি মন্ত্রণালয়, ঢাকা।
১০. যুগ্ম সচিব, সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. উপসচিব, প্রশাসন-৪ (বাজেট) অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. জেলা প্রশাসক ও সভাপতি কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার/নেত্রকোনা/কিশোরগঞ্জ।
১৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. সিনিয়র সচিবের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার/নেত্রকোনা/কিশোরগঞ্জ।
১৬. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার/নেত্রকোনা/কিশোরগঞ্জ।
১৭. প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
১৮. হিসাব রক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩.১০.১৭
(কে এম আবদুল ওয়াদুদ)
উপসচিব

D:Pronodona 2017-18/Pronodona-Punorbason 2017-18/G O(117 Cor) 2017-18